



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৬৭৬৮/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১০৭৬৩

তারিখ: ২৫-০৫-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ১৩-০৪-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৪৮৭৭))

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার সদর উপজেলাধীন মাওলানাবাদ মাধ্যমিক বিদ্যালয়ের দাখিলকৃত ম্যানেজিং কমিটি গঠনের অনিয়মের বিরুদ্ধে জনাব মোঃ ইসরাইল হোসেন মুন্সি একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হলো।

২৫-০৫-২০২২

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

জেলা শিক্ষা অফিসার
ঝিনাইদহ।

সংযুক্তি: অভিযোগের ছায়াছবি

নথি নং-বিঅ-৬/৬৭৬৮/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১০৭৬৩ (৬)

তারিখ: ২৫-০৫-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
- ৪। প্রধান শিক্ষক, মাওলানাবাদ মাধ্যমিক বিদ্যালয়, লক্ষীপুর, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
- ৫। অভিযোগকারী, জনাব মোঃ ইসরাইল হোসেন মুন্সি (০১৭১৯-২৬৮১৫২), সদর, ঝিনাইদহ।
- ৬। অফিস নথি।

২৫-০৫-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

বরাবর,

চেয়ারম্যান,

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

বিষয়: ইং ১০/০৪/২০২২ তারিখের ম্যানেজিং কমিটি নির্বাচন স্থাগিত/বাতিল করা প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীতসম্মান প্রদর্শন পূর্বক সবিনয় নিবেদন এই যে, ঝিনাইদহ জেলার ঝিনাইদহ সদর উপজেলাধীন মাওলানাবাদ মাধ্যমিক বিদ্যালয় Eiin No 116475 এর নিয়মিত ম্যানেজিং কমিটি নির্বাচনের জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা সাহেব ঝিনাইদহ সদর উপজেলা সমাজ সেবা কর্মকর্তাকে প্রিজাইডিং অফিসার হিসাবে নিয়োগ দেন। প্রিজাইডিং অফিসার সাহেব ইং ৩০/০৩/২০২২, ৩১/০৩/২০২২ ও ০২৫/০৪/২০২২ তারিখে মনোনয়ন পত্র বিতরণ ও গ্রহণ, ০৪/০৪/২০২২ তারিখে বাছাই এবং ০৭/০৪/২০২২ তারিখে মনোনয়ন পত্র প্রত্যাহার এর দিন নির্ধারণ করিয়া তপশীল ঘোষণা করেন। স্থানীয় বিকাশ চেয়ারম্যানের লোকজন পাঁচটি ও অপর পক্ষ তিনটি মনোনয়ন পত্র সংগ্রহ করেন। অপর পক্ষের তিন জনের মধ্যে বিকাশ চেয়ারম্যানের লোকজন মেহেদি হাসান ও সাইফুল হোসেন কে ছমকির মুখে মনোনয়ন পত্র জমা দিতে দেয় নাই। নাছুরিন বেগম সংরক্ষিত মহিলা অভিভাবক পদে মনোনয়ন পত্র জমা দিলেও বিকাশ চেয়ারম্যানের লোকজন তাহাকে দিয়া জোর পূর্বক ইং ০৩/০৪/২০২২ তারিখে প্রত্যাহার করা হয়। ফলে আমি ইং ০৭/০৪/২০২২ তারিখে “ এই আমার দেশ প্রতিকায়” একটি অভিযোগ করি। উক্ত অভিযোগ ইং ০৮/০৪/২০২২ তারিখে প্রতিকায় প্রকাশিত হয়। এমতাবস্থায় ইং ১০/০৪/২০২২ তারিখে সভাপতি নির্বাচনের দিন বিকাশ চেয়ারম্যানের পক্ষ পাঁচ জন অভিভাবক বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হইয়া তিন জন শিক্ষক প্রতিনিধি সহ ঐ দিনে সাহাবুদ্দীন বিশ্বাসকে অনিয়ম তান্ত্রিক ভাবে সভাপতি নির্বাচনের প্রচেষ্টা চালাইলে আমি আত্মক্ষমিক ভাবে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও প্রিজাইডিং অফিসার বরাবর গোপন ব্যালটে ভোট গ্রহণ করার জন্য দরখাস্ত দিই ও রিসিভ কপি করা হয়। লওয়া স্বত্তেও প্রিজাইডিং অফিসার সাহেব প্রকাশ্য ভোটার মাধ্যমে সভাপতি নির্বাচন সম্পন্ন করিয়াছেন। বিধায় উক্ত নির্বাচন স্থাগিত/বাতিল করা আবশ্যিক। বিকাশ বিশ্বাসের পক্ষের পাঁচ জন অভিভাবকের মধ্যে মো: জাফর, পিং: আছালত মন্ডল, সাং: অচিন্তনগর একজন কুম্ভাত খুনি ও চাঁদাবাজ হইতেছে। গত ইং ০৭/০৭/২০১৫ তারিখে বর্ধিত জাফর সহ অন্যান্যরা একই গ্রামের রমজান আলী পাঁচ বৎসরের শিশু কন্যা মনিরা খাতুনকে অপহরণ করিয়া ২,০০,০০০ (দুই লক্ষ টাকা) চাঁদা দাবী করেন। রমজান আলী চাঁদার টাকা না দেওয়ায় তার শিশু কন্যা মনিরা খাতুনকে জাফর সহ অন্যান্যরা নৃশংশ ভাবে হত্যা করে। উক্ত হত্যা মামলার এস.সি নং ১৩৯/২০১৭ বিজ্ঞ অতিরিক্ত দায়রা জজ প্রথম আদালত বিনাইদহে বিচারধীন আছে। এই মামলার অন্যতম আসামী জাফর সহ বিকাশ চেয়ারম্যানের অন্যান্য লোকজন ম্যানেজিং কমিটি নির্বাচনে ভয়ভুক্তি প্রদর্শন করায় নির্বাচন প্রশংসিত হইয়াছে। ইতি পূর্বে ইং ২০০৮ হইতে ২০২১ সাল পর্যন্ত বিকাশ বিশ্বাসের লোকজন ক্ষমতা কুম্ভাগত করিয়া একের পর এক ম্যানেজিং কমিটি বানাইয়া লক্ষ লক্ষ টাকার নিয়োগ বানিজ্য করিয়াছে। একজন কুম্ভাত খুনি সহ অন্যান্যরা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটিতে প্রভাব খাটাইয়া নির্বাচিত হওয়ায় উক্ত নির্বাচন স্থাগিত/বাতিল হওয়ার যোগ্য হইতেছে। এ স্থলে উল্লেখ্য যে, মো: মনির হোসেন মুকুল হরিসংকরপুর জেসি বিদ্যাপিঠে লাইব্রেরিয়ান থাকা অবস্থায় মাওলানাবাদ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এই তথ্য গোপন করে বার বার তাকে সভাপতি নির্বাচিত করায় সাপ্তাহিক ডাকুয়া প্রতিকায় বিষয়টি প্রকাশিত হয়। তদন্তে সত্যতা প্রমাণিত হইলে তাহাদেরকে আপনার কার্যালয় হইতে কারন দর্শানোর আদেশ হয়। আরো উল্লেখ্য যে, ইং ২০১৫ সালে অন্যায় ভাবে নির্বাচন করিতে গেলে ততকালীন রবিউল ইসলাম নামে একজন অভিভাবক বিজ্ঞ সহকারী জজ ঝিনাইদহ আদালতে দেং ১৪৯/১৫ মামলা দাখিল করে। ঐ মামলায় প্রধান শিক্ষক, প্রিজাইডিং অফিসার ও সভাপতি মনির হোসেন মুকুল পরাজয় বরণ করিয়া জেলা জজ আদালতে আপিল ৪৯/১৫ নং মামলা দাখিল করে। উক্ত আপিল মামলায় তারা হেরে যায়।

অতএব জনাব, ইং ১০/০৪/২০২২ তারিখের অনিয়ম তান্ত্রিক নির্বাচন স্থাগিত/বাতিল করিয়া আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে মর্জি হয়। ইতি তাং: ১৩/০৪/২০২২।

আবেদনকারী

মো: ইসরাইল হোসেন মুন্সী

সভাপতি

এডহক কমিটি

মাওলানা মাধ্যমিক বিদ্যালয়

ঝিনাইদহ সদর, উপজেলা

মোবা: ০১৭১৯২৬৮১৫২।